

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 02 May, 2025

নারীবিষয়ক সংস্কার কমিশন বাতিল, হেফাজত নেতাদের নামে থাকা সব মামলা প্রত্যাহারসহ কয়েকটি দাবি পূরণ না হলে সারা দেশ অচল করার হুঁশিয়ারি দিয়েছেন হেফাজতে ইসলাম বাংলাদেশের কেন্দ্রীয় সিনিয়র যুগ্ম মহাসচিব ও ঢাকা মহানগর সভাপতি জুনায়েদ আল হাবীব।

আজ শুক্রবার (২ মে) জুমার নামাজের পর বায়তুল মোকাররমের সামনে আয়োজিত বিক্ষোভ সমাবেশ প্রধান অতিথির বক্তব্যে এ হুঁশিয়ারি দেন তিনি।

সমাবেশে বক্তারা বলেন, নারীবিষয়ক সংস্কার কমিশনের প্রস্তাব আগামীকাল শনিবারের মধ্যে প্রত্যাখ্যান করতে হবে। তা না হলে ঢাকাসহ সারা দেশ অচল করার হুঁশিয়ারি দিয়েছেন জুনায়েদ আল হাবীব।

সংস্কার কমিশনের প্রতিবেদনটি বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মুসলিম নারী সমাজের প্রত্যাশার সঙ্গে সাংঘর্ষিক মন্তব্য করে হেফাজতের নেতারা বলেন, সুপারিশে এমন কিছু গর্হিত বিষয় নিয়ে আসা হয়েছে, যাতে সামাজিক মূল্যবোধে চরমভাবে আঘাত করা হয়েছে, যা কোরআন-হাদিস পরিপন্থী। এটিকে চরমভাবে মানবাধিকার লঙ্ঘন জানিয়ে তাঁরা বলেন, ৫ আগস্টের আন্দোলনের সঙ্গে এমন কমিশন সাংঘর্ষিক।

হেফাজতে ইসলাম পল্টন জোনের সভাপতি মুফতি সালাউদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মুফতি ইমরানুল বারী সিরাজীর পরিচালনায় এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে আরও বক্তব্য দেন কেন্দ্রীয় নায়েবে আমির মাওলানা মহিউদ্দিন রাব্বানী, মাওলানা সরওয়ার

কামাল আজিজী, মাওলানা আহমদ আলী কাসেমী, মাওলানা আব্দুল কাইয়ুম সুবহানী, যুগ্ম মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী, মাওলানা ড. শূয়াইব আহমদ, মাওলানা মীর ইদ্রিস নদভী, মাওলানা নূর হোসাইন নূরানী, মুফতি জাবের কাসেমী, মুফতি ফখরুল ইসলাম, মাওলানা জয়নুল আবেদিন, মুফতি আজারুল ইসলাম, মুফতি শরিফুল্লাহ, মাওলানা রাকিবুল ইসলাম ফারুকী প্রমুখ।

উল্লেখ্য, কয়েকটি দাবি আদায়ে আগামীকাল ৩ মে সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশের ঘোষণা দিয়েছে হেফাজতে ইসলাম। সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত মহাসমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

নারী সংস্কার কমিশন বাতিলসহ ৫ দাবিতে মহাসমাবেশের ডাক হেফাজতের নারী সংস্কার কমিশন বাতিলসহ ৫ দাবিতে মহাসমাবেশের ডাক হেফাজতের